



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫

একচেঞ্জ: ৫৫০৬০০০০, সম্প্র: ৫০৯৯

website: www.bsmraau.edu.bd



স্মারক নং-বিএসএমআরএইউ/রেজিস্ট্রার-১৮৫/২০২৩/১০৪

তারিখঃ

০২ কার্তিক ১৪৩০

২৭ অক্টোবর ২০২৩

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষঃ ২০২২-২৩ এবং ২০২৩-২৪


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী এমএসসি ইন অ্যাভিয়েশন সেফটি অ্যান্ড অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন (৩০টি আসন), এমবিএ ইন অ্যাভিয়েশন অপারেশন ম্যানেজমেন্ট (৩০টি আসন) এবং এলএলএম ইন ইন্টারন্যাশনাল এয়ার অ্যান্ড স্পেস 'ল' (২০টি আসন) প্রোগ্রামে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণপূর্বক আবেদন করতে পারবেন। স্নাতকোত্তর কোর্সসমূহের শিক্ষা কার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি ভবন, যা বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসমূহ আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা মেনে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং অনলাইন আবেদন লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে জমা দিয়ে নির্দিষ্ট এসএমএস ফরমেট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন কারিগরি বিষয়ে সহায়তার জন্য টেলিটক হটলাইন নম্বর ০১৫০০১২১১২১-৯, ই-মেইল vas@teletalk.com.bd এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের মোবাইল নম্বর ০১৭৬৯৯৯৫০৯৯ ও ই-মেইল admission@bsmraau.edu.bd এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ

| ক্রঃ নং | ভর্তি কার্যক্রমের বিবরণ | তারিখ ও সময় |
|---------|--|---|
| ১। | অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ | ০১ নভেম্বর ২০২৩, বুধবার, দুপুর ১২০০ ঘটিকা থেকে। |
| ২। | অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত | ১০ ডিসেম্বর ২০২৩, রবিবার, রাত ১২০০ ঘটিকা পর্যন্ত। |
| ৩। | টেলিটক সিমের মাধ্যমে সার্ভিস চার্জ ও ভর্তি পরীক্ষার ফি বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময়। | ১২ ডিসেম্বর ২০২৩, মঙ্গলবার, রাত ১২০০ ঘটিকা পর্যন্ত। |
| ৪। | বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১৪ ডিসেম্বর ২০২৩, বৃহস্পতিবার। |
| ৫। | বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র ডাউনলোড/উত্তোলনের তারিখ | ১৮ ডিসেম্বর ২০২৩, সোমবার, দুপুর ১২০০ ঘটিকা থেকে ২২ ডিসেম্বর ২০২৩ শুক্রবার সকাল ০৯৩০ ঘটিকা পর্যন্ত। |
| ৬। | ভর্তি পরীক্ষার তারিখ | ২২ ডিসেম্বর ২০২৩, শুক্রবার, (সকাল ১০০০ ঘটিকা থেকে ১১৩০ ঘটিকা পর্যন্ত)। |
| ৭। | ভর্তি পরীক্ষার স্থান | বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। |
| ৮। | সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রকাশ | ০২ জানুয়ারি ২০২৪, মঙ্গলবার |
| ৯। | সাক্ষাৎকারের তারিখ ও স্থান | ০৭ জানুয়ারি ২০২৪, রবিবার, বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫। |
| ১০। | ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://www.bsmraau.edu.bd) এবং বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের তারিখ | ১০ জানুয়ারি ২০২৪, বুধবার |
| ১১। | ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ১১ এবং ১৪ জানুয়ারি ২০২৪ |
| ১২। | ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ | ১৫ জানুয়ারি ২০২৪, সোমবার |

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত যেকোন সময় বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।


রেজিস্ট্রার
(বিএসএমআরএইউ)